

**AKASHVANI (AIR)****RNU : KOLKATA****Bengali Text Bulletin****Date: 12.10.2024****Time : 7.50 P.M****বিশেষ বিশেষ খবর –**

১) বাঙালীর শ্রেষ্ঠ উৎসব দুর্গা পূজোর অন্তিম লগ্নে আজ বিষাদের সুর। নবমী তিথি ছাড়ার পর সকালেই শুরু হয় দশমি বিহিত পূজা। বনেদী ও পারিবারিক পূজাগুলির প্রতিমা বিসর্জন হচ্ছে আজই।

২) ঠাকুর দেখতে বেরিয়ে গতরাতে মূর্শিদাবাদের রেজিনগরে পথ দুর্ঘটনায় বাবা-মা-মেয়ের মৃত্যু। দক্ষিণ দিনাজপুরে আজ মন্ডপে যাওয়ার আগে পুকুরে স্নান করতে নেমে তলিয়ে যায় দুই ভাই।

৩) ১০ দফা দাবিতে ধর্মতলার মেট্রো চ্যানেলে জুনিয়ার চিকিৎসকদের আমরণ অনশনে আজও বহু সাধারণ মানুষ সামিল। বে-সরকারী হাসপাতালের চিকিৎসকদের, আগামী ১৪-ই অক্টোবর থেকে ৪৮ ঘণ্টার আংশিক কর্ম বিরতির ঘোষণা। সামাজিক অবক্ষয় রুখতে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার আবেদন জানিয়ে ২৪৭ জন বিজ্ঞানীর স্বাক্ষরিত চিঠি পাঠানো হয়েছে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীকে।

৪) ব্যক্তিগতভাবে ইস্তফা না দিলে তা পদত্যাগ হিসাবে গৃহীত হয় না বলে জানিয়েছেন মুখ্যমন্ত্রীর প্রধান উপদেষ্টা আলাপন বন্দ্যোপাধ্যায়।

oooooooooooooooooooo

বাঙালীর শ্রেষ্ঠ উৎসব দুর্গা পূজোর অন্তিম লগ্নে আজ বিষাদের সুর। দৃকসিদ্ধ পঞ্চিকা মেনে নবমী তিথি ছাড়ার পর আজই দশমি বিহিত পূজা শুরু হয়।

(ঢাক)

বাড়ির পূজো গুলিতে দুপুরের পর থেকেই রীতি মেনে কনকাঞ্চলি-সিঁদুর খেলার মধ্য দিয়ে উমার কৈলাশে যাওয়ার প্রস্তুতি শুরু হয়।

ইতমধ্যেই গঙ্গা এবং জেলার বিভিন্ন নদ-নদীতে পারিবারিক ও বনেদী বাড়ির বেশকিছু প্রতিমা নিরঞ্জন সম্পন্ন হচ্ছে। আমাদের প্রতিনিধির একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – অভিরূপ)

তবে, বেলুড় মঠে বিশুদ্ধ সিদ্ধান্ত মতে পূজো হওয়ায়, সেখানে আজ নবমী বিহিত পূজোর পর হোম যজ্ঞের আয়োজন করা হয়। আগামীকাল সেখানে হবে দশমী বিহিত পূজো ও বিসর্জন।

বারোয়ারী পূজোর নিরঞ্জন শুরু হবে আগামীকাল থেকে। তাই কলকাতা সহ জেলাগুলির পূজো মন্ডপে বেলা বাড়তেই ভীড় উপচে পড়ে। সন্ধ্যায় তা জন সমুদ্রে পরিণত হয়। শহরতলির ট্রেন এবং দুপুরের পর থেকে চালু হওয়া মেট্রোতে তিল ধারণের জায়গা নেই।

কলকাতার যে সমস্ত বড় পূজো কমিটি কার্নিভালে যোগ দেবে তাদের প্রতিমা নিরঞ্জন হবে মঙ্গলবার ১৫-ই অক্টোবর। জেলাগুলির কার্নিভাল সোমবার।

এদিকে, ওই দিনই বিকেল ৪-টায় রানি রাসমণি রোডে জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডক্টর্স ও সহযোগী সংগঠনগুলি, “দ্রোহের কার্নিভাল”-এর ডাক দিয়েছে। অভয়ার ন্যায় বিচার ও ভয়ের সংস্কৃতির নিরশন এবং পড়ুয়া চিকিৎসকদের আমরণ অনশন আন্দোলনের সংহতিতে এই ডাক দেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ঠাকুর দেখতে বেরিয়ে মুর্শিদাবাদের রেজিনগরে পথ দুর্ঘটনায় মৃত্যু হয়েছে বাবা-মা ও মেয়ের। রেজিনগর থানার মার্কেট সোসাইটি এলাকায় ১২ নম্বর জাতীয় সড়কের ওপর গতকাল রাত ১২-টা নাগাদ বিক্রম হালদার নামে এক ব্যক্তি স্ত্রী ও মেয়েকে নিয়ে যাওয়ার সময়, একটি বেসরকারী বাস নিয়ন্ত্রণ হারিয়ে তাদের মোটর সাইকেলের পেছনে সজোরে ধাক্কা মারে। রক্তাক্ত অবস্থা তিনজনকেই প্রথমে বেলডাঙা হাসপাতাল, পরে মুর্শিদাবাদ

মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হলে তিনজনকেই চিকিৎসকরা মৃত ঘোষণা করেন। বহরমপুর এলাকা থেকে বাসটিকে আটক করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

পুজো মন্ডপে যাওয়ার আগে বাড়ির পাশের পুকুরে স্নান করতে নেমে দক্ষিণ দিনাজপুরের কুমার গঞ্জ আজ সকালে দুই ভাই তলিয়ে যায়। ছোটো ভাই ইশান রায় পুকুরে নামার পর পা পিছলে ডুবে যেতে থাকলে, তাকে বাঁচাতে ঝাঁপ দেয় দাদা তন্ময়। দু-জনকেই তলিয়ে যেতে দেখে পাড়ে দাঁড়িয়ে থাকা তাদের দুই বন্ধুর চিৎকারে স্থানীয়রা ছুটে আসেন। তবে, দ্রুত দুই ভাইকে জল থেকে তুলে স্থানীয় বরাহাট গ্রামীণ হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকেরা মৃত ঘোষণা করেন। ভিন রাজ্যে তাদের মা-বাবা পরিযায়ী শ্রমিকের কাজ করতে যাওয়ায় দুই ভাই থাকতেন মামা-র বাড়িতে। পুজোর দিনের এই ঘটনায় এলাকায় নেমে এসেছে শোকের ছায়া।

০০০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব বর্ধমানের কেতুগ্রামের পাচুন্দিতে ৪০০ বছরের প্রাচীন আইমাতা চট্টোপাধ্যায় পরিবারের দুর্গামন্দিরের তালো ভেঙ্গে প্রতিমার গহনা চুরির ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে। আজ ভোরে দেখা যায় মন্দিরের তালো ভাঙ্গা। দুর্গা, লক্ষ্মী, সরস্বতী, কার্তিক গনেশ সকলেরই রূপোর মুকুটসহ অন্যান্য গহনা নেই।

মন্দিরের ভেতরে থাকা সিসিটিভিতে দেখা গেছে, ১২-টা ৪৮ মিনিট নাগাদ কিছু দুষ্কৃতি গামছায় মুখ ঢেকে মন্দিরে ঢোকে। ৭ মিনিটের মধ্যে তারা গয়না নিয়ে চম্পট দেয়। এখনও পর্যন্ত ঘটনায় কেউ গ্রেফতার হয়নি। পরিবারের বক্তব্য, সোনা-রূপো মিলিয়ে প্রায় ২০ - ২৫ লক্ষ টাকার গহনা চুরি হয়েছে। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

০০০০০০০০০০০০০০০০০০০০

১০ দফা দাবিতে ধর্মতলার মেট্রো চ্যানেলে জুনিয়ার চিকিৎসকদের আমরণ অনশনে আজও বহু সাধারণ মানুষ সামিল হয়েছেন। মোবাইলের ফ্ল্যাস লাইট জ্বেলে গানে-গানে প্রতিবাদে সামিল হয়েছে নাগরিক সমাজ।

আজ অনশন মঞ্চে জুনিয়ার ডাক্তারদের পক্ষে দেবাশিষ হালদার তাদের আন্দোলনের সমর্থনে মানুষকে রাজনৈতিক রং সরিয়ে রাখার আবেদন জানিয়ে বলেন, এটা সাধারণ মানুষের আন্দোলন।

(বাইট – ডাক্তার)

এদিকে, ফের জুনিয়ার ডাক্তারদের অনশন নিয়ে কটাক্ষ করেছেন তৃণমূল কংগ্রেস মুখপাত্র কুনাল ঘোষ। এক্সহ্যান্ডেলে তিনি লেখেন, অনশনকারী ছেলেমেদের কাঁধে বন্দুক রেখে কিছু সংগঠন নিজস্ব রাজনীতি করছে। গ্রেফতারি সহ অন্যান্য প্রক্রিয়া চলাকালীন নৈরাজ্য সৃষ্টি কারিরা অনশন প্রক্রিয়ায় মদত যোগাচ্ছে।

সর্ব ভারতীয় চিকিৎসক সংগঠন আই এম এ-র রাজ্য শাখা, আগামীকাল কলকাতা সহ বিভিন্ন জেলায় ১২ ঘণ্টা প্রতিকী অনশনের ডাক দিয়েছে। গতরাতেই পরিচয় পন্ডা এবং আলোলিকা ঘড়ুই নামে আরও দুই জুনিয়ার চিকিৎসক অনশনে সামিল হন। আগামীকাল জুনিয়ার চিকিৎসকদের পক্ষ থেকে রাজ্যজুড়ে অরক্ষন পালনের ডাক দেওয়া হয়েছে।

এই আন্দোলনের প্রতি সংহতি জানিয়ে বে-সরকারী হাসপাতালের চিকিৎসকেরা আগামী ১৪-ই অক্টোবর সকাল ৬-টা থেকে ৪৮ ঘণ্টার আংশিক কর্ম বিরতি চালানোর কথা জানিয়েছেন। আজ ধর্মতলার ডোরিনা ক্রসিং-এর সামনে সাংবাদিকদের চিকিৎসকদের পক্ষে ডক্টর শরদোৎ মুখোপাধ্যায় জানান, জরুরী বিভাগ ছাড়া এই সময় সব পরিষেবা বন্ধ থাকবে। জুনিয়ার ডাক্তারদের আন্দোলনের পাশে থাকার বার্তা দিতেই বে-সরকারী হাসপাতালের চিকিৎসকেরাও এবার সংঘবদ্ধভাবে এগিয়ে এলেন। গত ২ মাসে ব্যক্তিগত স্তরে তাঁরা এই আন্দোলনের পাশে ছিলেন।

অন্যদিকে, উত্তরবঙ্গ মেডিকেল কলেজ হাসপাতালে অনশনকারী জুনিয়ার চিকিৎসক অলোক কুমার ভার্মা অসুস্থ হয়ে পড়ায় তাকে ওই হাসপাতালেরই সিসিইউ-তে ভর্তি করা হয়েছে। ১৪৭ ঘণ্টা অনশনের পর তার রক্তে বেড়ে পটাশিয়ামের মাত্রা, কিটনবডি বেড়ে যাওয়ায় প্রভাব পড়েছে লিভার ও কিডনিতে। তবে, অপর জুনিয়ার চিকিৎসক সৌভিক বন্দ্যোপাধ্যায় জারি রেখেছেন অনশন।

ধর্মতলায় অনশনরত অসুস্থ অনিকেত মাহাতোকে আজ দেখতে হাসপাতালে আসেন তার বাবা। অনিকেতের অবস্থা এখন স্থিতিশীল।

এদিকে, সিনিয়ার চিকিৎসকের পর সামাজিক অবক্ষয় রুখতে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার আবেদন জানিয়ে বিজ্ঞানীরা মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীকে চিঠি দিয়েছেন। রাজ্য প্রশাসনের একাংশ দুর্নীতিগ্রস্ত হয়ে পড়েছে বলে ২৪৭ জন বিজ্ঞানীর স্বাক্ষর করা চিঠিতে উল্লেখ করা হয়েছে। জুনিয়ার চিকিৎসকদের দাবিকে সমর্থন জানিয়ে আর জি করের ঘটনায় দোষীদের দ্রুত গ্রেফতার ও কঠোর শাস্তির দাবিও জানিয়েছেন তারা।

আর জি কর কান্ডের ন্যায় বিচারের দাবিতে সিবিআই দফতর অভিযানে পা মেলান নাগরিক সমাজের প্রতিনিধিরা। সল্টলেকের করুণাময়ী থেকে মিছিল করে সিজিও কমপ্লেক্সে পৌঁছানোর আগেই পুলিশ ব্যারিকেড করে মিছিল আটকালে রাস্তার ওপর বসে বিক্ষোভ দেখান তারা। এরপর কয়েকজন প্রতিনিধিই সিবিআই দফতরে ডেপুটেশন জমা দেন।

ত্রিধারা সম্মিলনীর পুজোতে শ্লোগান দেওয়ায় ধৃত ৯ জনের গতকাল জামিনে মুক্তির রায়ের পর আজ লালবাজার থেকে তাদের প্রথমে রবীন্দ্রসরোবর থানায় নিয়ে যাওয়া হয়। কিছুক্ষণ আগে তারা মুক্তি পান।

০০০০০০০০০০০০০০০০০০

ব্যক্তিগতভাবে ইস্তফা না দিলে তা পদত্যাগ হিসাবে গৃহীত হয় না বলে জানিয়েছেন মুখ্যমন্ত্রীর প্রধান উপদেষ্টা আলাপন বন্দ্যোপাধ্যায়। আর জি করের পড়ুয়া ছাত্রীকে ধর্ষণ করে খুনের ঘটনায় চিকিৎসকদের গণইস্তফা কর্মসূচি প্রসঙ্গে নবান্নে আজ সাংবাদিকদের তিনি বলেন, সাগর দত্ত, আর জি কর, এস এস কে এম সহ কয়েকটি হাসপাতালের সিনিয়ার চিকিৎসকদের গণইস্তফার স্বাক্ষর সম্বলিত চিঠি সরকারের কাছে এসেছে। তবে, সার্ভিস রুল অনুযায়ী ব্যক্তিগতভাবে পদত্যাগপত্র না দিলে সেই ইস্তফা সরকারের কাছে গ্রাহ্য হয় না।

(বাইট – আলাপন)

০০০০০০০০০০০০০০০০০০০

পুরুলিয়ার ঝালদা পুরসভার কংগ্রেস কাউন্সিলার প্রাক্তন উপ-পুর প্রধান পূর্ণিমা কান্দুর মৃত্যু নিয়ে প্রশ্ন তুলেছেন বিজেপি সাংসদ জ্যোতির্ময় সিং মাহাতো। তাকে খুন করা হয়ে থাকতে পারে বলে তিনি মন্তব্য করেন। এই খুনের ঘটনারও সিবিআই তদন্তের দাবি জানান তিনি।

অন্যদিকে, নিহত তপন কান্দুর ভাইপো মিঠুন কান্দুও এটি খুনের ঘটনা বলে সন্দেহ প্রকাশ করে সিবিআই তদন্তের দাবি জানিয়েছেন।

প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকারও এই ঘটনার সিবি আই তদন্তের দাবি জানান।

আগেই জানানো হয়েছে, গতরাতে ঝালদা শহরের স্টেশন রোডের বাড়ি থেকে পূর্ণিমা দেবীকে অচৈতন্য অবস্থায় উদ্ধার করে ব্লক স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা

তাকে মৃত ঘোষণা করেন। দেবেন মাহাতো মেডিকেল কলেজ হাসপাতালে তাঁর দেহের ময়না তদন্ত করা হয়।

oooooooooooooooo

oooooooooooooooooooooooooooooooo